গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০৩.২০. ৮৮

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩১
০৬ এপ্রিল ২০২৫

**সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব জমাদানের সময় বৃদ্ধি**

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের সকল জনগোষ্ঠির আবহমান সংস্কৃতির প্রতিনিধিত্ব করার লক্ষ্যে মানবিক মূল্যবোধ সম্পন্ন, জীবনমুখী, শিল্পমান সমৃদ্ধ ও বহুস্বর বিবৃত করে এমন পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য ২০২৪-২৫ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনী ও চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রযোজক/পরিচালক/চলচ্চিত্র নির্মাতা/চলচ্চিত্র ব্যক্তিত্ব/সংশ্লিষ্ট বিষয়ে পেশাদার প্রতিষ্ঠান/লেখক/চিত্রনাট্যকারদের নিকট থেকে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের নিমিত্ত কতিপয় শর্তে গত ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের শেষ সময় ০৭ এপ্রিল ২০২৫ তারিখ নির্ধারিত ছিল।

০২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী অপরিবর্তীত রেখে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের সময়সীমা আগামী ২২ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। আগামী ২২ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চলচ্চিত্র-২ শাখা (রুম নং-৮০৮) অথবা বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, তথ্য ভবন (লেভেল-১৩), ১১২ সার্কিট হাউজ রোড, ঢাকায় পৌঁছাতে হবে।

০৬/০৪/২০২৫
(মোছাঃ শারমিন আখতার)
সিনিয়র সহকারী সচিব